

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(২৮) ওয় থাকা সত্ত্বেও ওয়ূ করলে দশগুণ নেকী

উক্ত ফ্যীলত সঠিক নয়। কারণ এ মর্মে বর্ণিত হাদীছ যঈফ।

(أً) عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ فَلَمَّا نُودِىَ بِالظُّهْرِ تَوَضَّاً فَصَلَّى فَلَمَّا نُوْدِىَ بِالْعَصْرِ تَوَضَّاً فَقُلْتُ لَهُ فَقَالَ كَانَ رَسُوْلُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ ا

(ক) আব্দুল্লাহ ইবনু ওমর (রাঃ) থেকে বর্ণিত, যখন যোহরের আযান দেয়া হল তখন তিনি ওযূ করলেন এবং ছালাত আদায় করলেন। অতঃপর যখন আছরের আযান দেয়া হল তখনও ওযূ করলেন। রাবী বলেন, আমি তাকে এ বিষয়ে জিজ্ঞেস করলে তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, যে ওযূ অবস্থায় ওযূ করবে, তার জন্য আল্লাহ দশটি নেকী লিপিবদ্ধ করবেন।[1]

তাহকীক: হাদীছটি যঈফ। ইমাম তিরমিয়ী, মুন্যেরী, ইরাকী, নববী, ইবনু হাজার আসকালানী (রহঃ) প্রমুখ মুহাদ্দিছ হাদীছটি যঈফ হওয়ার ব্যাপারে একমত।[2] উক্ত হাদীছের সন্দে আব্দুর রহমান ইবনু যিয়াদ ইফরীকী ও গুত্বাইফ নামক দুইজন দুর্বল ও অপরিচিত রাবী আছে।[3]

(ب) عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ آ قَالَ مَنْ تَوَضَّاً وَاحِدَةً فَتِلْكَ وَظِيْفَةُ الْوُضُوْءِ الَّتِيْ لاَ بُدَّ مِنْهَا وَمَنْ تَوَضَّاً اثْنَتَيْنِ فَلَهُ كِفْلَانِ وَمَنْ تَوَضَّاً ثَلَاتًا فَذَلِكَ وُضُوْئِيْ وَوُضُوْءُ الْأَنْبِيَاءِ قَبْلِيْ.

(খ) ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি একবার করে ওয়ু করবে সে ব্যক্তি ওয়ুর নিয়ম পালন করল, যা তার জন্য আবশ্যক ছিল। যে ব্যক্তি দুইবার করে ধৌত করবে সে দিগুণ ছওয়াব পাবে। আর যে ব্যক্তি তিনবার করে ধৌত করবে তার ওয়ু আমার ও আমার পূর্বের নবীগণের ওয়ূর ন্যায় হল।[4] তাহকীক : বর্ণনাটি যঈফ।[5] উক্ত যঈফ হাদীছ হেদায়াতেও উল্লেখ করা হয়েছে।[6] এর সনদে যায়েদ আল-আম্মী নামে একজন দুর্বল রাবী আছে।[7]

(ج) عَنْ عُثْمَانَ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ ﴿ يَقُوْلُ لاَ يُسْبِغُ عَبْدٌ الْوُضُوءَ إِلاَّ غَفَرَ اللهُ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ وَمَا تَأَخَّرَ. (গ) ওছমান (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি যে, কোন বান্দা যখন উত্তমরূপে ওযু করে তখন আল্লাহ তার সামনের ও পিছনের সমস্ত পাপ ক্ষমা করে দেন।[8]

তাহক্রীক : বর্ণনাটি মুনকার বা অস্বীকৃত।[9]

## ফুটনোট

[1]. আবুদাউদ হা/৬২, ১/৯ পৃঃ; ইবনু মাজাহ হা/৫১২, পৃঃ ৩৯; তিরমিয়ী হা/৫৯, ১/১৯ পৃঃ; আলবানী,



মিশকাত হা/২৯৩; বঙ্গানুবাদ মিশকাত হা/২৭৩, ২/৪৩ পৃঃ; মুন্তাখাব হাদীস, পৃঃ ২৯৭।

- [2]. যঈফ আবুদাঊদ হা/১০।
- [3]. আবুদাউদ হা/৬২; ইবনু মাজাহ হা/৫১২; তিরমিয়ী হা/৫৯; আলবানী, মিশকাত হা/২৯৩, ১/৯৬ পৃঃ।
- [4]. মুসনাদে আহমাদ হা/৫৭৩৫; মুন্তাখাব হাদীস, পৃঃ ২৯৪।
- [5]. যঈফ আত-তারগীব ওয়াত তারহীব হা/১৩৬; তাহকীক মুসনাদ হা/৫৭৩৫।
- [6]. ঐ, ১/১৯ পৃঃ।
- [7]. যঈফ ইবনে মাজাহ হা/৪২০।
- [৪]. মুসনাদুল বাযযার হা/৪২২, ১/৯৩ পৃঃ; মুন্তাখাব হাদীস, পৃঃ ২৯২।
- [9]. সিলসিলা যঈফাহ হা/৫০৩৬, ১১/৬২ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1826

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন